ফোন ঃ ৮৮০২২২২৩০০৭৬
e-mail ঃ dir.discipline.bwdb@gmail.com

গোপনীয়

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীণ রোড, (পান্থপথ) ঢাকা-১২০৫

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-২১ তারিখঃ ২৫-০১-২০২২ খ্রিঃ।

**দপ্তরাদেশ**

নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী এর স্মারক নং-পিএফ/১৫৭ তারিখঃ ১২-০১-২০২২ খ্রিঃ মাধ্যমে জানানো হয়েছে যে, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী দপ্তরে গত ২৬/১২/২০২১ খ্রিঃ তারিখে জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক যোগদান করেন। যোগদানের দিন থেকেই শুরু করে অদ্যাবধি জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (বর্তমানে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা) কর্তৃক দপ্তরে বেপরোয়া আচরণ করা, উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ নিষেধ অমান্য করা, দপ্তরের কয়েকটি গুরুত্বপূর্ণ ফাইল চুরি করা, কর্মকর্তা ও কর্মচারীদের অশালীন ভাষায় গালিগালাজ ও মারার হুমকি প্রদান, প্রায়ই দপ্তরে অনুপস্থিত থাকা, কর্মকর্তাদের তুচ্ছ-তাচ্ছিল্য করা, জোরপূর্বক নির্বাহী প্রকৌশলীর রুমে প্রবেশ করে তাকে অকথ্য ভাষায় গালিগালাজ করা এবং নির্বাহী প্রকৌশলীর শরীরে হাত তোলা ও প্রাণনাশের হুমকি প্রদান করেন। উক্ত কর্মচারীর উল্লেখিত কর্মকাণ্ডের জন্য তার বিরুদ্ধে বিভাগীয় শৃঙ্খলা মূলক ব্যবস্থা গ্রহণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহী এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী নোটশীটের মাধ্যমে বোর্ডে প্রস্তাব প্রেরণ করেছেন। উক্ত কর্মচারীর উল্লেখিত আচরণ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ), (ঘ) ও (চ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও চুরির শামিল এবং দণ্ড আরোপযোগ্য অপরাধ।

২। এমতাবস্থায়, জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (বর্তমানে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা) কে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(১) মোতাবেক ১৭-০১-২০২২খ্রিঃ তারিখ হতে বোর্ডের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

৩। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৫) মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্ত হবেন ।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৫/০১/২০২২

(মোঃ মুজিবুর রহমান)
পরিচালক (শৃঃ দঃ)
পরিচিতি নম্বরঃ ৬৩০১০৪০০১

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-২১(১৬) তারিখঃ ২৫-০১-২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
২. প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহী।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভোলা পওর সার্কেল, বাপাউবো, ভোলা।
৫. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী।
৯. নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা।
১০. হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী।
১১. হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ভোলা।
১২. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১৩. জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), (সাময়িক বরখাস্তকৃত) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা।

২৫/০১/২০২২

(ফজলুল করিম)
উপপরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২৩০০৭৯